euaa
EUROPEAN UNION
AGENCY FOR ASYLUM

# পরিবারের সন্ধান (প্রাপ্তবয়স্ক)

# ফর্ম

2025 সালে তৈরি খসড়া
ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) অথবা EUAA-এর পক্ষে কর্মরত কোনো ব্যক্তিই এই প্রকাশনায় থাকা তথ্যের যে কোনো সম্ভাব্য ব্যবহারের জন্য দায়ী নয়।
লুক্সেমবার্গ: পাব্লিকেশন্স অফিস অফ দ্য ইউরোপিয়ান ইউনিয়ন, 2025

PDF ISBN 978-92-9410-790-9 doi:10.2847/9517251 BZ-01-25-034-EN-N

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025
উৎস উল্লেখ সাপেক্ষে পুনরুৎপাদনের অনুমতি প্রদত্ত।

| | |
|---|---|
| **EU+ দেশের নাম** | |
| **জাতীয় কর্তৃপক্ষের ঠিকানা** | |
| **এই ফর্মটি কীভাবে এবং কোথায় জমা দিতে হবে সে সম্পর্কে EU+ দেশ-ভিত্তিক নির্দিষ্ট তথ্য।** | *এই ফর্মটি জমা দেওয়ার প্রাসঙ্গিক পদ্ধতিগুলো অন্তর্ভুক্ত করার জন্য EU+ দেশগুলোর জন্য এটি বাধ্যতামূলক।*<br>*এই ফর্মটি কীভাবে জমা দিতে হবে? কোন ঠিকানায়? কোন সময়ের মধ্যে?* |

# পরিবার সন্ধানের ফর্ম (প্রাপ্তবয়স্ক)

## আমাকে এই ফর্মটি কেন দেওয়া হয়েছে?

এই দেশের কর্তৃপক্ষ আপনাকে এই ফর্মটি ([1]) দিয়েছে, কারণ আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন এবং বলেছেন যে ইউরোপিয়ান ইউনিয়নের কোনো সদস্য রাষ্ট্র বা সহযোগী দেশে (যাকে EU+ দেশ বলা হয়) আপনার একজন পরিবারের সদস্য রয়েছে।

ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্রগুলো হলো বেলজিয়াম, বুলগেরিয়া, চেক প্রজাতন্ত্র, ডেনমার্ক, জার্মানি, এস্তোনিয়া, আয়ারল্যান্ড, গ্রীস, স্পেন, ফ্রান্স, ক্রোয়েশিয়া, ইতালি, সাইপ্রাস, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, হাঙ্গেরি, মাল্টা, নেদারল্যান্ডস, অস্ট্রিয়া, পোল্যান্ড, পর্তুগাল, রোমানিয়া, স্লোভেনিয়া, স্লোভাকিয়া, ফিনল্যান্ড এবং সুইডেন। সহযোগী চারটি দেশ হলো আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টাইন ও সুইজারল্যান্ড।

এই ফর্মে আপনি যে তথ্য প্রদান করবেন, তা এই দেশের কর্তৃপক্ষকে আপনার পরিবারের সদস্যদের খুঁজে বের করতে, আপনার মামলাটিকে অগ্রাধিকার দিতে এবং আপনার আবেদনটি পর্যালোচনা করবে এমন EU+ দেশটি খুঁজে বের করতে সাহায্য করবে। যেহেতু অন্য একটি EU+ দেশে আপনার পরিবারের সদস্য রয়েছেন, তাই আপনার আবেদনটি যাচাই করার দায়িত্ব সেই দেশের হতে পারে যেখানে আপনার পরিবারের সদস্য উপস্থিত আছেন।আপনার পরিবারের সদস্য উপস্থিত আছেন।

**গুরুত্বপূর্ণ।** এই ফর্মটি পূরণ করতে কোনো সহায়তার প্রয়োজন হলে কর্তৃপক্ষকে জানান।

## আমাকে এই ফর্মটি পূরণ করতে কেন বলা হয়েছে?

EU+ কোনো দেশে আপনার পরিবারের সদস্য থাকলে, এই দেশের কর্তৃপক্ষের তা জানা প্রয়োজন। যদি আপনি তা করেন, তাহলে তারা যে দেশে বসবাস করছেন, সেই দেশ আপনার আবেদনটি নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত হতে পারে।

আপনি যদি EU+ দেশগুলোতে থাকা আপনার পরিবারের সদস্যদের সঙ্গে থাকতে চান, তাহলে এই দেশের কর্তৃপক্ষও আপনাকে তাদের সঙ্গে পুনর্মিলিত হতে সাহায্য করতে চায়। আপনি যদি আপনার পরিবারের সদস্যের সঙ্গে পুনরায় মিলিত হতে চান, তবে আমাদের জানান এবং আমরা খতিয়ে দেখব এটি সম্ভব কি-না ও তা বাস্তবায়নের চেষ্টা করব। যদি আপনি পুনর্মিলিত হতে না চান, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের জানান।

([1]) PDF: BZ-01-25-006-EN-N এবং Print BZ-01-25-006-EN-C.

## কার সাথে আমি পুনরায় মিলিত হতে পারি?

আপনি আপনার পরিবারের এমন কোনো সদস্যের সাথে পুনরায় মিলিত হতে পারেন যিনি ইতিমধ্যেই কোনো EU+ দেশে বসবাস করছেন। এরা হলেন:

- আপনার স্ত্রী বা স্বামী – এই ব্যক্তিকে জীবনসঙ্গী বলা হয়;
- আপনার অবিবাহিত সঙ্গী যার সাথে একটি স্থিতিশীল সম্পর্কে আছেন (2);
- আপনার 18 বছরের কম বয়সী সন্তান (3)।

আপনি এমন কোনো ব্যক্তির সাথেও পুনরায় মিলিত হতে পারেন যার আপনার পরিচর্যার প্রয়োজন অথবা এমন কোনো ব্যক্তির সাথেও মিলিত হতে পারেন যিনি পরিচর্যার জন্য আপনার উপর নির্ভরশীল, নিম্নলিখিত কারণগুলোর জন্য:

- গর্ভাবস্থা;
- একটি নবজাতক সন্তান থাকা;
- গুরুতর মানসিক রোগ;
- গুরুতর শারীরিক অসুস্থতা;
- গুরুতর অক্ষমতা;
- গুরুতর মানসিক আঘাত;
- বৃদ্ধ বয়স।

এই ব্যক্তি হতে পারেন:

- আপনার সন্তান (অপ্রাপ্তবয়স্ক বা প্রাপ্তবয়স্ক);
- আপনার ভাই বোন;
- আপনার পিতামাতা।

**যদি কোনো EU+ দেশে আপনার পরিবারের কোনো সদস্য থাকেন, তাহলে আপনি নিম্নলিখিত অধিকারগুলো পাবেন।**

- যেসব ব্যক্তি বা প্রতিষ্ঠান আপনাকে এই ফর্মটি পূরণে সহায়তা করতে সক্ষম, আপনি তাদের কাছ থেকে তথ্যের অনুরোধ করতে পারেন।
- আপনি জাতীয়, আন্তর্জাতিক এবং অন্যান্য প্রাসঙ্গিক সংস্থাগুলোর বিষয়ে তথ্য চাইতে পারেন, যেগুলো আপনার পরিবারের সদস্যদের শনাক্ত করতে ও তাদের সন্ধান পেতে সহায়তা করতে পারে।
- আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন পর্যালোচনার দায়িত্বে থাকা EU+ দেশটি নির্ধারণ করার জন্য একটি সাক্ষাৎকারের আয়োজন করা যেতে পারে, যদি না সাক্ষাৎকারটি বাতিল করার মতো কোনো কারণ থাকে।
- পরিবারের সদস্যদের উপস্থিতি প্রমাণে সহায়ক যেকোনো তথ্য আপনি মৌখিকভাবে বা নথিপত্রের মাধ্যমে জমা দিতে পারেন।
- আপনি আপনার মামলা সম্পর্কে আরও তথ্য জানার জন্য অনুরোধ করতে পারেন।

## এই ফর্মে আমাকে কী কী অন্তর্ভুক্ত করতে হবে?

**এই দেশের কর্তৃপক্ষকে আপনার পরিবারের সদস্যদের সাথে আপনাকে পুনরায় একত্রিত করতে সাহায্য করার জন্য, আপনাকে তাদের সম্পর্কে আমাদের সাথে যতটা বেশি সম্ভব তথ্য জানাতে হবে।** এর মধ্যে EU+ দেশে বসবাসকারী আপনার পরিবারের সদস্য অথবা এমন কোনো ব্যক্তি যার সাথে আপনার নির্ভরশীলতার সম্পর্ক রয়েছে, তার মৌলিক তথ্য অন্তর্ভুক্ত রয়েছে, যেমন:

- তাদের ব্যক্তিগত বিবরণ;
- যেখানে তারা বর্তমানে বাস করছে;
- তাদের যোগাযোগের বিবরণ;

(2) যদি EU+ দেশটির আইন বা প্রথা তৃতীয় দেশের নাগরিকদের সম্পর্কিত আইনের অধীনে অবিবাহিত দম্পতিদের বিবাহিত দম্পতিদের মতো বিবেচনা করে।
(3) এটি আপনার ঔরসজাত বা দত্তক সন্তানকে বোঝায়।

- সেই দেশে তাদের আইনি অবস্থা সম্পর্কিত তথ্য (তাদের আশ্রয়প্রার্থী হিসেবে মর্যাদা আছে কি-না, বসবাসের অনুমতি পত্র আছে কি-না অথবা তারা পূর্বে প্রদেয় আন্তর্জাতিক সুরক্ষা মর্যাদার ভিত্তিতে সেই দেশের নাগরিক কি-না);
- সম্পর্কটি নিশ্চিত করে এমন যেকোনো নথি বা প্রমাণ।

### এই তথ্য কেন গুরুত্বপূর্ণ?

আপনি যত বেশি তথ্য দেবেন, এই দেশের কর্তৃপক্ষের পক্ষে আপনার পরিবারের সদস্য যে দেশে আছেন সেখানকার কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা, আপনাদের সম্পর্ক যাচাই করা এবং যত দ্রুত সম্ভব আপনাদের একত্রিত করা তত সহজ হবে।

সম্পর্কটি এবং ব্যক্তিটি কোথায় আছেন সে সম্পর্কে আরো জানতে আপনাকে সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হতে পারে অথবা প্রাসঙ্গিক প্রশ্ন করা হতে পারে।

আপনার কাছে সব তথ্য না থাকলেও চিন্তা করবেন না। আপনি যতটা পারেন পূরণ করুন এবং এই দেশের কর্তৃপক্ষ প্রক্রিয়াটি শুরু করার জন্য যথাসাধ্য চেষ্টা করবে। আপনার কাছে কোনো নথি থাকলে, যত দ্রুত সম্ভব সেগুলো এই দেশের কর্তৃপক্ষের কাছে জমা দিন।

## এই ফর্মটি কীভাবে পূরণ করবেন

**ধাপ 1।** ফর্মের পার্ট 1 পূরণ করুন। এটি আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে।

**ধাপ 2।** পরিবারের প্রত্যেক সদস্যের জন্য ফর্মের নির্দিষ্ট অংশ(গুলি) পূরণ করুন।
- স্বামী-স্ত্রী বা অবিবাহিত সঙ্গী (পার্ট 2)।
- নাবালক শিশু (পার্ট 3)।
  *EU+ দেশগুলিতে আপনার একাধিক সন্তান থাকলে, প্রতিটি সন্তানের জন্য ফর্মের এই অংশটি পূরণ করুন।*
- নির্ভরশীল ব্যক্তি (পার্ট 4)।
  *এই অংশটি পূরণ করুন যদি:*
  - আপনার (প্রাপ্তবয়স্ক) সন্তান, ভাই বোন বা পিতা-মাতা আপনার পরিচর্যার উপর নির্ভরশীল, কারণ তারা একটি ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে রয়েছেন;
  - আপনি একটি ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে আছেন এবং আপনি (প্রাপ্তবয়স্ক) সন্তান, ভাইবোন বা পিতামাতার প্রদেয় পরিচর্যার উপর নির্ভরশীল।

**ধাপ 3।** আপনার পবিরারের বংশতালিকা (পার্ট 5) অঙ্কন করে পরিবারের সকল সদস্যকে চিহ্নিত করুন। এটি ভবিষ্যতে পরিবার অনুসন্ধানের প্রচেষ্টায় অথবা এমন অন্য কোনো ব্যক্তি আছেন কি-না তা বুঝতে সহায়ক হতে পারে, যার সাথে পুনর্মিলনের উদ্যোগ নেওয়া যেতে পারে।

## ফর্মটি পূরণ করতে আমাকে কে সাহায্য করতে পারেন?

এই ফর্মটি পূরণ করতে আপনার যদি আইনি সহায়তা সহ কোনো সাহায্যের প্রয়োজন হয়, তবে আপনি তার জন্য অনুরোধ করতে পারেন। যদি আপনি কিছু না বোঝেন, তাহলে সাহায্যের জন্য এই দেশের কর্তৃপক্ষের কাছে জিজ্ঞাসা করতে পারেন। দায়িত্ব নির্ধারণ পদ্ধতি সংক্রান্ত তথ্য পুস্তিকাটিতে আপনি আইনি পরামর্শদাতাদের তালিকা সম্পর্কে আরো তথ্য পেতে পারেন। ফর্মটি পূরণ করার জন্য আপনি ভাষা সংক্রান্ত সহায়তার অনুরোধও করতে পারেন।

*টেমপ্লেট পূরণে সহায়তা এবং আইনি পরামর্শ প্রদানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠান সম্পর্কিত EU+ দেশ-ভিত্তিক নির্দিষ্ট তথ্য।*

## আমি কীভাবে আমার পরিবারের সদস্যের সাথে পুনরায় মিলিত হতে পারি?

- প্রথমত, এ দেশের কর্তৃপক্ষ আপনার দেওয়া তথ্য পর্যালোচনা করবে। তারা আপনাকে আরেকটি সাক্ষাৎকারের জন্য ডাকতে পারেন।
- সম্ভব হলে, এই দেশের কর্তৃপক্ষ আপনার পরিবারের সদস্য যে EU+ দেশে বসবাস করছেন, সেখানে একটি অনুরোধ পাঠাবে।

**গুরুত্বপূর্ণ**। পুনর্মিলনের জন্য আপনি এবং আপনার পরিবারের সদস্য উভকেই সম্মতি দিতে হবে। আপনাদের মধ্যে কেউ যদি না বলেন, তাহলে এ দেশের কর্তৃপক্ষ অগ্রসর হবে না। আপনি সম্মত হলে, পুনর্মিলনের জন্য আপনার আনুষ্ঠানিক লিখিত সম্মতি প্রদান করতে বলা হবে। আপনাকে একটি ভিন্ন ফর্মে আপনার সম্মতি জমা দিতে হবে।

- আপনার পরিবারের সদস্য যে দেশে বসবাস করছেন, সেই দেশ অনুরোধটি পর্যালোচনা করবে এবং নথিগুলো যাচাই করবে।
- যদি তারা রাজি হয়, তাহলে এই দেশের কর্তৃপক্ষ আপনাকে আপনার পরিবারের সদস্যের সঙ্গে পুনর্মিলনের জন্য সেই দেশে হস্তান্তর করবে।

এই দেশের কর্তৃপক্ষ আপনার ইচ্ছার বিরুদ্ধে আপনাকে কোনো ব্যক্তির সাথে পুনরায় একত্রিত করবে না। সম্মতির অর্থ হলো, আপনার পরিবারের সদস্য বা নির্ভরশীল ব্যক্তি যে দেশে বসবাস করছেন উভয়েই, সেই দেশে আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনটি পরীক্ষা করা হবে—এই বিষয়ে একমত। যদি আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য সম্মতি না দেন, তাহলে এই দেশের কর্তৃপক্ষ পুনর্মিলন প্রক্রিয়া শুরু করবে না। স্থানান্তরের সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি যে কোনো সময়ে আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন।

উভয় দেশেই পরিবার পুনর্মিলনের মামলাগুলোকে অগ্রাধিকার দেওয়া হয়। এর মানে হলো, আপনার ক্ষেত্রে পারিবারিক পুনর্মিলন শুরু করা সম্ভব হলে, কর্তৃপক্ষ যত দ্রুত সম্ভব এর প্রক্রিয়া সম্পন্ন করবে।

### আপনার যা জানা দরকার

- স্থানান্তরের সিদ্ধান্ত নেওয়ার আগে যে কোনো সময়ে আপনি আপনার মত পরিবর্তন করতে এবং সম্মতি প্রত্যাহার করতে পারেন।
- পরিবারের সদস্যদের সঙ্গে মিলিত হওয়ার জন্য আপনাকে কাউকে কোনো অর্থ প্রদান করতে হবে না – কর্তৃপক্ষই এই খরচ বহন করবে।
- পারিবারিক পুনর্মিলনের মামলাগুলোকে অগ্রাধিকার দেওয়া হয়, তাই কর্তৃপক্ষ আপনার মামলাটি যত দ্রুত সম্ভব নিষ্পত্তি করবে।

### পুনর্মিলন মানে কী

- আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনটি সেই দেশে পরীক্ষা করা হবে যেখানে আপনার পরিবারের সদস্য আইনত বসবাস করছেন ([4])।

পুনর্মিলনের অর্থ এই নয় যে আপনি সেই দেশে বসবাসের অনুমতি পাবেন।

## আমার পরিবারের সদস্য কোথায় আছেন, তা আমি জানি না। আপনি কি আমাকে সাহায্য করতে পারবেন?

যদি আপনি জানেন যে আপনার পরিবারের কোনো সদস্য EU+ কোনো দেশে আছেন কিন্তু তিনি ঠিক কোথায় আছেন সে বিষয়ে নিশ্চিত নন, তাহলে আপনি পরিবার অনুসন্ধানকারী সংস্থাগুলোর কাছে সহায়তা চাইতে পারেন, যারা আপনাকে আপনার সেই সদস্যকে খুঁজে পেতে সাহায্য করবে। আপনার যদি এই ধরনের সহায়তার প্রয়োজন হয়, তবে এই দেশের কর্তৃপক্ষকে জানান।

([4]) বৈধভাবে বসবাস করার অর্থ হলো, তারা কোনো দেশে প্রবেশ, অবস্থান বা বসবাসের শর্তগুলো পূরণ করে।

*পরিবার সন্ধানকারী সংস্থাগুলো সম্পর্কে EU+ দেশগুলোর নির্দিষ্ট তথ্য।*

## আমার দেওয়া তথ্য কীভাবে ব্যবহার করা হবে?

আপনার প্রদান করা তথ্য গোপনীয়তার সাথে ব্যবহার করা হবে। এটি কখনোই এমন কোনো দেশের সাথে শেয়ার করা হবে না যা EU+ দেশ হিসেবে তালিকাভুক্ত নয় (এই ফর্মের 1 নং পৃষ্ঠা দেখুন) অথবা যা আপনার বা আপনার পরিবারের সদস্যের উৎপত্তি স্থল বা পূর্ববর্তী স্বাভাবিক বসবাসের দেশ। আপনার পরিবারের সদস্য যে EU+ দেশে অবস্থান করছেন, সেই দেশে তথ্যগুলো সুরক্ষিত ভাবে জমা দেওয়া হবে, যাতে সেই দেশের কর্তৃপক্ষ নির্ধারণ করতে পারে যে আপনাদের সম্পর্কটি পারিবারিক পুনর্মিলনের জন্য যোগ্য কি-না। প্রয়োজন হলে, পরবর্তী জিজ্ঞাসাবাদের জন্য কর্তৃপক্ষ বা সংস্থাগুলো আপনার পরিবারের সদস্যের সাথে যোগাযোগ করতে পারে।

## পার্ট 1। আবেদনকারীর ব্যক্তিগত তথ্য

| | |
|---|---|
| **মামলার নম্বর:** | |
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| বয়স | |
| লিঙ্গ | |
| জন্ম তারিখ (দিন/মাস/বছর) | |
| জন্মস্থান | |
| মূল দেশ থেকে প্রস্থানের তারিখ | |
| জাতীয়তা/সমূহ | |
| ঠিকানা/আবাসন | |
| যোগাযোগের বিবরণ (ইমেইল ঠিকানা, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ফোন নম্বর) | |
| ☐ **আমি নিশ্চিত করছি যে আমার পরিবারের একজন সদস্য একটি EU+ দেশে বসবাস করছেন।** | |
| আমার পরিবারের সদস্য হলেন (একাধিক অপশন নির্বাচন করা যেতে পারে) | ☐ আমার স্বামী বা অবিবাহিত সঙ্গী (পার্ট 2)<br>☐ নাবালক শিশু (পার্ট 3)<br>☐ আমার সাহায্যের উপর নির্ভরশীল ব্যক্তি অথবা আমি এই ব্যক্তির সাহায্যের উপর নির্ভরশীল (পার্ট 4) |
| অন্যান্য প্রাসঙ্গিক তথ্য | |
| **তারিখ ও আবেদনকারীর স্বাক্ষর** | |

## পার্ট 2। স্বামী বা অবিবাহিত সঙ্গীর ব্যক্তিগত তথ্য

| | |
|---|---|
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| অন্যান্য ব্যবহৃত নাম | |
| বয়স | |
| লিঙ্গ | |
| জন্ম তারিখ (দিন/মাস/বছর) | |
| জন্মস্থান | |
| বিবাহের স্থান বা যে স্থানে সম্পর্কটি গড়ে উঠেছিল | |
| বিবাহের তারিখ বা সম্পর্কের শুরুর তারিখ | |
| বিবাহ বা অংশীদারিত্বের ধরন (একাধিক অপশন নির্বাচন করা যেতে পারে) | ☐ ধর্মীয় অনুষ্ঠান<br>☐ নাগরিক নিবন্ধন<br>☐ নিবন্ধিত নাগরিক অংশীদারিত্ব<br>☐ অন্যান্য (অনুগ্রহ করে উল্লেখ করুন): |
| EU+ দেশগুলিতে বর্তমান বা সর্বশেষ জ্ঞাত অবস্থান (দেশ, শহর) | |
| EU+ দেশে ব্যক্তির বসবাসের অবস্থা | ☐ আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী<br>☐ আন্তর্জাতিক সুরক্ষার সুবিধাভোগী<br>☐ দীর্ঘ-মেয়াদী অবস্থান<br>☐ বাসিন্দা<br>☐ নাগরিক<br>☐ জানা নেই |
| মূল দেশ থেকে প্রস্থানের তারিখ | |
| জাতীয়তা/সমূহ | |
| ব্যক্তিগত নম্বর / মামলার নম্বর (EU+ দেশে উপলব্ধ একটি শনাক্তকরণ নম্বর) | |
| ঠিকানা/আবাসন | |
| যোগাযোগের বিবরণ (ইমেইল ঠিকানা, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ফোন নম্বর) | |

**পুনর্মিলনের ইচ্ছা**

আপনি কি এই ব্যক্তির সাথে পুনরায় মিলিত হতে চান?

☐ হ্যাঁ, আমি পুনর্মিলিত হতে চাই।

**এক্ষেত্রে আপনাকে এবং আপনার পরিবারের সদস্যকে লিখিতভাবে আনুষ্ঠানিক সম্মতি দিতে হবে। আনুষ্ঠানিক সম্মতি ভিন্ন একটি ফর্মে চাওয়া হবে।**

☐ না, আমি পুনর্মিলিত হতে চাই না।

যদি আপনি পুনর্মিলিত হতে না চান, তবে তার কারণ ব্যাখ্যা করতে পারেন। এই তথ্য গোপনীয়তার সাথে পরিচালনা করা হবে।

| **সম্ভাব্য দুর্বলতা বা মানবিক কারণ সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্য** |
| --- |
| আপনার পরিবারের সদস্য সম্পর্কে কর্তৃপক্ষের জানার জন্য গুরুত্বপূর্ণ এমন যে কোনো প্রাসঙ্গিক তথ্য (যেমন কোনো দুর্বলতা, বিশেষ প্রয়োজন বা মানবিক কারণ) আপনি এখানে উল্লেখ করতে পারেন। |
| **শেষবার কখন এবং কোথায় এই ব্যক্তির সাথে আপনার যোগাযোগ হয়েছিল?** |
| |
| **এমন আর কেউ কি আছেন যিনি আপনার পরিবারের সদস্যের অবস্থান সম্পর্কে জানতে পারেন? যদি তাই হয়, তবে অনুগ্রহ করে তাদের সাথে যোগাযোগের বিবরণ দিন। আপনি কি এই ব্যক্তির সাথে যোগাযোগ করেছেন?** |
| |
| **এই ব্যক্তিকে খুঁজে বের করার জন্য আপনি কি কোনো সংস্থার সাথে যোগাযোগ করেছেন? *যদি হ্যাঁ হয়, তবে অনুগ্রহ করে বিস্তারিত বলুন (প্রতিষ্ঠানের নাম, অনুসন্ধানের অবস্থা / ফলাফল)।*** |
| |
| **আপনার কাছে থাকা সম্পর্কটি নিশ্চিত করে এমন নথি বা প্রমাণ বর্ণনা করুন।**<br>উদাহরণস্বরূপ, বিবাহ নিবন্ধন, জন্ম নিবন্ধন, পরিচয়পত্রের প্রতিলিপি, পরিবারের সদস্যের ছবি, অন্যান্য। আপনাকে এই নথিগুলো বা এই প্রমাণপত্রগুলো জমা দিতে হবে। |
| |
| **অন্যান্য প্রাসঙ্গিক তথ্য** |
| |

## পার্ট 3। নাবালক শিশুর ব্যক্তিগত তথ্য

*EU+ দেশগুলিতে আপনার একাধিক সন্তান থাকলে, প্রত্যেকের জন্য আলাদাভাবে একটি নতুন বিভাগ তৈরি করতে ‘ডুপ্লিকেট সেকশন’ বোতামে ক্লিক করুন।*

| | |
|---|---|
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| অন্যান্য ব্যবহৃত নাম | |
| বয়স | |
| লিঙ্গ | |
| জন্ম তারিখ (দিন/মাস/বছর) | |
| জন্মস্থান | |
| EU+ দেশগুলিতে বর্তমান বা সর্বশেষ জ্ঞাত অবস্থান (দেশ, শহর) | |
| EU+ দেশে ব্যক্তির বসবাসের অবস্থা | ☐ আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী<br>☐ আন্তর্জাতিক সুরক্ষার সুবিধাভোগী<br>☐ দীর্ঘ-মেয়াদী অবস্থান<br>☐ বাসিন্দা<br>☐ নাগরিক<br>☐ জানা নেই |
| মূল দেশ থেকে প্রস্থানের তারিখ | |
| জাতীয়তা/সমূহ | |
| ব্যক্তিগত নম্বর / মামলার নম্বর (EU+ দেশে উপলব্ধ একটি শনাক্তকরণ নম্বর) | |
| ঠিকানা/আবাসন | |
| যোগাযোগের বিবরণ (ইমেইল ঠিকানা, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ফোন নম্বর) | |
| **অভিভাবকের যোগাযোগের বিবরণ, যদি থাকে** | |
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| ফোন নম্বর | |
| ইমেইল ঠিকানা | |

| **পুনর্মিলনের ইচ্ছা** |
| --- |
| আপনি কি এই ব্যক্তির সাথে পুনরায় মিলিত হতে চান?<br>☐ হ্যাঁ, আমি পুনর্মিলিত হতে চাই।<br>**এক্ষেত্রে আপনাকে এবং আপনার পরিবারের সদস্যকে লিখিত ভাবে আনুষ্ঠানিক সম্মতি দিতে হবে। আনুষ্ঠানিক সম্মতি ভিন্ন একটি ফর্মে চাওয়া হবে।**<br>☐ না, আমি পুনর্মিলিত হতে চাই না।<br>যদি আপনি পুনর্মিলিত হতে না চান, তবে তার কারণ ব্যাখ্যা করতে পারেন। এই তথ্য গোপনীয়তার সাথে ব্যবহার করা হবে। |
| **সম্ভাব্য দুর্বলতা বা মানবিক কারণ সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্য** |
| আপনার পরিবারের সদস্য সম্পর্কে কর্তৃপক্ষের জানা প্রয়োজন এমন যেকোনো প্রাসঙ্গিক তথ্য (কোনো দুর্বলতা, বিশেষ প্রয়োজন বা মানবিক কারণ) আপনি এখানে উল্লেখ করতে পারেন। |
| **শেষবার কখন এবং কোথায় এই ব্যক্তির সাথে আপনার যোগাযোগ হয়েছিল?** |
| |
| **এমন আর কেউ কি আছেন যিনি আপনার পরিবারের সদস্যের অবস্থান সম্পর্কে জানতে পারেন? যদি তাই হয়, তবে অনুগ্রহ করে তাদের সাথে যোগাযোগের বিবরণ দিন। আপনি কি এই ব্যক্তির সাথে যোগাযোগ করেছেন?** |
| |
| **এই ব্যক্তিকে খুঁজে বের করার জন্য আপনি কি কোনো সংস্থার সাথে যোগাযোগ করেছেন? *যদি হ্যাঁ হয়, তবে অনুগ্রহ করে বিস্তারিত বিবরণ জানান (প্রতিষ্ঠানের নাম, অনুসন্ধানের অবস্থা / ফলাফল)।*** |
| |
| **আপনার কাছে থাকা সম্পর্কটি নিশ্চিত করে এমন নথি বা প্রমাণ প্রদান করুন।**<br>উদাহরণস্বরূপ, বিবাহ নিবন্ধন, জন্ম নিবন্ধন, পরিচয়পত্রের প্রতিলিপি, পরিবারের সদস্যের ছবি, অন্যান্য। আপনাকে এই নথিগুলো বা এই প্রমাণপত্রগুলো জমা দিতে হবে। |
| |
| **অন্যান্য প্রাসঙ্গিক তথ্য** |
| |

ডুপ্লিকেট সেকশন

## পার্ট 4। নির্ভরশীল ব্যক্তির ব্যক্তিগত তথ্য

*আপনার যদি একাধিক সন্তান, ভাই বোন বা পিতামাতা থাকেন যাদের উপর আপনি নির্ভরশীল, অথবা যারা আপনার উপর নির্ভরশীল, তাহলে প্রত্যেক ব্যক্তির জন্য একটি নতুন বিভাগ তৈরি করতে 'ডুপ্লিকেট সেকশন' বোতামে ক্লিক করুন।*


| | |
|---|---|
| ব্যক্তির সাথে সম্পর্ক | ☐ সন্তান (প্রাপ্তবয়স্ক)<br>☐ ভাই বোন<br>☐ পিতামাতা |
| **অনুগ্রহ করে বেছে নিন:**<br>☐ এই ব্যক্তি আমার সাহায্যের ওপর নির্ভরশীল।<br>☐ আমি এই ব্যক্তির সাহায্যের ওপর নির্ভরশীল। | |
| নামের প্রথম অংশ | |
| পদবি | |
| অন্যান্য ব্যবহৃত নাম | |
| বয়স | |
| লিঙ্গ | |
| জন্ম তারিখ (দিন/মাস/বছর) | |
| জন্মস্থান | |
| নির্ভরতা লিঙ্কের ধরন (একাধিক অপশন নির্বাচন করা যেতে পারে) | এই ব্যক্তি কেন আপনার সাহায্যের উপর নির্ভরশীল অথবা আপনি কেন এই ব্যক্তির সাহায্যের উপর নির্ভরশীল, তার কারণ নির্বাচন করুন:<br>☐ গর্ভাবস্থা<br>☐ নবজাতক শিশুর যত্ন<br>☐ গুরুতর মানসিক অসুস্থতায় ভুগছেন<br>☐ গুরুতর শারীরিক অসুস্থতায় ভুগছেন<br>☐ গুরুতর অক্ষমতা<br>☐ গুরুতর মানসিক আঘাত<br>☐ বৃদ্ধ বয়স<br>☐ অন্যান্য (অনুগ্রহ করে উল্লেখ করুন): |
| EU+ দেশগুলিতে বর্তমান অবস্থান (দেশ, শহর) | |
| EU+ দেশে ব্যক্তির বসবাসের অবস্থা | ☐ আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী<br>☐ আন্তর্জাতিক সুরক্ষার সুবিধাভোগী<br>☐ দীর্ঘ-মেয়াদী অবস্থান<br>☐ বাসিন্দা<br>☐ নাগরিক<br>☐ জানা নেই |
| মূল দেশ থেকে প্রস্থানের তারিখ | |
| জাতীয়তা/সমূহ | |
| ব্যক্তিগত নম্বর / মামলার নম্বর (EU+ দেশে উপলব্ধ একটি শনাক্তকরণ নম্বর) | |
| ঠিকানা/আবাসন | |
| যোগাযোগের বিবরণ (ইমেইল ঠিকানা, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ফোন নম্বর) | |

| **পুনর্মিলনের ইচ্ছা** |
| --- |
| আপনি কি এই ব্যক্তির সাথে পুনরায় মিলিত হতে চান?<br>☐ হ্যাঁ, আমি পুনর্মিলিত হতে চাই।<br>**এক্ষেত্রে আপনাকে এবং আপনার পরিবারের সদস্যকে লিখিতভাবে আনুষ্ঠানিক সম্মতি দিতে হবে। আনুষ্ঠানিক সম্মতি ভিন্ন একটি ফর্মে চাওয়া হবে।**<br>☐ না, আমি পুনর্মিলিত হতে চাই না।<br>যদি আপনি পুনর্মিলিত হতে না চান, তবে তার কারণ ব্যাখ্যা করতে পারেন। এই তথ্য গোপনীয়তার সাথে ব্যবহার করা হবে। |
| **সম্ভাব্য দুর্বলতা বা মানবিক কারণ সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্য** |
| আপনার পরিবারের সদস্য সম্পর্কে কর্তৃপক্ষের জানা প্রয়োজন এমন যেকোনো প্রাসঙ্গিক তথ্য (কোনো দুর্বলতা, বিশেষ প্রয়োজন বা মানবিক কারণ) আপনি এখানে উল্লেখ করতে পারেন। |
| **শেষবার কখন এবং কোথায় এই ব্যক্তির সাথে আপনার যোগাযোগ হয়েছিল?** |
| |
| **এমন আর কেউ কি আছেন যিনি আপনার পরিবারের সদস্যের অবস্থান সম্পর্কে জানতে পারেন? যদি তাই হয়, তবে অনুগ্রহ করে তাদের যোগাযোগের বিবরণ দিন। আপনি কি এই ব্যক্তির সাথে যোগাযোগ করেছেন?** |
| |
| **এই ব্যক্তিকে খুঁজে বের করার জন্য আপনি কি কোনো সংস্থার সাথে যোগাযোগ করেছেন? *যদি হ্যাঁ হয়, তবে অনুগ্রহ করে বিস্তারিত বলুন (প্রতিষ্ঠানের নাম, অনুসন্ধানের অবস্থা / ফলাফল)।*** |
| |
| **আপনার কাছে থাকা সম্পর্কটি নিশ্চিত করে এমন নথি বা প্রমাণ বর্ণনা করুন।**<br>উদাহরণস্বরূপ, বিবাহ সনদ, জন্ম সনদ, পরিচয়পত্রের অনুলিপি, পরিবারের সদস্যের ছবি, অন্যান্য। আপনাকে এই নথিগুলো বা এই প্রমাণপত্রগুলো জমা দিতে হবে। |
| |
| **অন্যান্য প্রাসঙ্গিক তথ্য** |
| |

ডুপ্লিকেট সেকশন

## পার্ট 5। বংশতালিকা (ঐচ্ছিক)

আপনি নীচের বাক্সে আপনার বংশতালিকা আঁকতে পারেন। আপনার নিকটতম পরিবারের সদস্যদের উল্লেখ করতে ভুলবেন না। আপনার নিকটতম পরিবারের সদস্যরা হলেন আপনার স্বামী বা স্ত্রী এবং আপনার সন্তান বা সন্তানেরা, আপনার পিতামাতা এবং আপনার ভাইবোনেরা। সম্ভব হলে, আপনার পরিবারের সদস্য বর্তমানে কোন দেশে বসবাস করছেন তা উল্লেখ করুন। আপনার বংশতালিকার একটি নমুনা নিচের চিত্রে দেখানো হলো।




***এই বিভাগে পরিবারের অন্য কোনো সদস্যের তথ্য সন্নিবেশ করুন।***